

# প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা বিধি

## প্রকল্পের বিস্তারিত বিবরণ :

এই প্রকল্পটি প্রত্যেক বছর পুনর্নবীকরণযোগ্য এক বছরের কভার যাহা দুর্ঘটনা বীমা পরিকল্পনরূপে দুর্ঘটনাজনিত মৃত্যু বা অক্ষমতা সংক্রান্ত কভার প্রদান করে। প্রকল্পটি পাবলিক সেক্টর সাধারণ বীমা সংস্থা (PSGICS) এবং অন্য সাধারণ সংস্থার সহিত সংশ্লিষ্ট ব্যাংকের যৌথ উদ্যোগে কার্যকর হবে যাহা গ্রাহক নির্দিষ্ট স্বর্তসাপেক্ষে প্রয়োজনীয় অনুমোদন প্রাপ্ত হবে। অংশগ্রহণকারী ব্যাংক তাদের স্ব-ইচ্ছার সাধারণ বীমা সংস্থার সঙ্গে যুক্ত থাকতে পারবে প্রকল্পটির বাস্তবায়নের জন্য।

## কভারেজ ব্যাপ্তি :

১৮ থেকে ৭০ বছর বয়স্ক যে কোন ব্যক্তি যার ব্যাংক অ্যাকাউন্ট আছে তিনি প্রকল্পটি করতে পারবেন। যে সকল ব্যক্তির একাধিক ব্যাংকে অ্যাকাউন্ট আছে তারা শুধুমাত্র একটি সেভিংস ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে প্রকল্প যোগদানের যোগ্য হবে। আধার কার্ড (Aadhar) ব্যাংক অ্যাকাউন্টের জন্য প্রাথমিক KYC হবে।

## তালিকাভুক্তির প্রকারতা / সময়কাল :

এই প্রকল্পটির ব্যাপ্তি এক বছরের যা ১লা জুন থেকে শুরু করে ৩১শে মে পর্যন্ত কার্যকর থাকবে। এই কারণে প্রত্যেক বছর ৩১শে মে-এর মধ্যে প্রত্যেক গ্রাহকদের অনুরোধ করা হচ্ছে যে তারা তাদের প্রকল্পে যুক্ত হওয়ার অনুমোদন পত্র এবং অটো ডেবিট পদ্ধতিতে প্রিমিয়াম জমা করার অনুমোদন সংশ্লিষ্ট ব্যাংকে প্রদান করুন। এই সময়কাল ৩১শে আগস্ট অবধি বর্ধিত করা হয়েছে। প্রাথমিকভাবে প্রকল্পটি সূচনার কারণে ভারত সরকারের আদেশ ক্রমাগুসারে প্রকল্পটিতে যোগদানের সময়সীমা আরও তিন মাস অর্থাৎ ৩০শে নভেম্বর পর্যন্ত বর্ধিত করা হয়েছে। এরপরে পুরো প্রিমিয়াম নিয়ে প্রকল্পে যোগদানের সুযোগ থাকবে। গ্রাহকদের পরবর্তীকালে যে কোন সময়ে প্রকল্পে যোগদানের সুযোগ থাকবে প্রকল্পটির পূর্ব অভিজ্ঞতা ও নির্দিষ্ট শর্তসাপেক্ষে। যে সকল গ্রাহক প্রকল্প থেকে সরে যাবেন তাদের ও অনুরূপ শর্তসাপেক্ষে প্রকল্পে যোগদানের সুযোগ থাকবে। সকল নতুন যোগ্য গ্রাহক যারা পূর্বে প্রকল্পের অধীনে আসেননি তাদের ও পরবর্তীকালে প্রকল্প চলাকালীন যুক্ত থাকার সুযোগ থাকবে।

	বেনিফিট টেবিল	বীমাকৃত রাশি
ক)	মৃত্যু	২ লক্ষ
খ)	দুই চোখের সম্পূর্ণ ও অপ্রতিবিধেয় ক্ষতি, দুটি হাত বা পায়ের অব্যবহারযোগ্য হয়ে পড়া, অথবা এক চোখের দৃষ্টিশক্তি হারানোর সাথে একটি হাত বা পায়ের অব্যবহারযোগ্য হয়ে পড়া।	২ লক্ষ
গ)	একটি চোখের সম্পূর্ণ ও অপ্রতিবিধেয় ক্ষতি অথবা একটি হাত বা পায়ের অব্যবহারযোগ্য হয়ে পড়া	১ লক্ষ

## প্রিমিয়াম :

বার্ষিক ১২ টাকা প্রতি গ্রাহকের ক্ষেত্রে। প্রিমিয়াম গ্রাহকের সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট থেকে একটি মাত্র কিস্তিতে ১লা জুন বা তার আগে কেটে নেওয়া হবে আসন্ন বছরের প্রিমিয়াম হিসাবে। কোন ক্ষেত্রে যদি ১লা জুনের পরে প্রিমিয়াম কাটা হয় তাহলে পরের মাসের ১লা তারিখ থেকে কভার কার্যকর হবে।

## প্রকল্পে যোগদানের শর্তসমূহ :

প্রকল্পে যোগদানের উপরে প্রকারতা অনুযায়ী ও যারা অটো ডেবিট পদ্ধতিতে প্রিমিয়াম জমার সম্মতি দেবেন তাদের ১৮ বছর (সম্পূর্ণ) থেকে ৭০ বছর (নিকটতম জন্মদিন অনুযায়ী) বয়স পর্যন্ত প্রকল্পে যোগদানের সুযোগ থাকবে যদি তারা অংশগ্রহণকারী ব্যাংকের সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট হোল্ডার হন।

## মাস্টার পলিসি ধারক :

অংশগ্রহণকারী ব্যাংক প্রকল্পটির জন্য মাস্টার হোল্ডার হবে অংশগ্রহণকারী গ্রাহকদের তরফ থেকে। সরল ও বন্ধুত্বপূর্ণ পদ্ধতিতে ক্লেম সংক্রান্ত ও আনুসঙ্গিক পদ্ধতিগুলি PSGICS/ অন্য বীমা কম্পানীগুলি অংশগ্রহণকারী ব্যাংকগুলির সহায়তায় নিবাহ করবে।

## কভার সমাপ্ত শর্তাবলী :

দৃষ্টান্তজনিত এই বীমা প্রকল্পের কভার নিম্নলিখিত যে কোন শর্তে সমাপ্ত হবে এবং আর অন্য কোন সুবিধাবলী প্রদত্ত হবে না এই শর্তে :-

- ১। গ্রাহকের ৭০ বছর (নিকটতম জন্মতারিখ অনুযায়ী) বয়স সমাপ্ত হলে।
- ২। ব্যাংক অ্যাকাউন্ট বন্ধ হয়ে গেলে বা অ্যাকাউন্টে বীমা চালুরাখার উপযুক্ত অর্থরাশি না থাকলে।
- ৩। যেক্ষেত্রে একজন গ্রাহক একের অধিক প্রকল্প নিয়ে থাকেন অন্য অ্যাকাউন্ট মারফৎ সেক্ষেত্রে একটি প্রকল্প ছাড়া বাকিগুলির বৈধতা থাকবে না এবং প্রিমিয়াম বাবদ লব্ধ অর্থরাশি ফেরৎযোগ্য হবে না।
- ৪। যদি কোন প্রযুক্তিগত কারণে যেমন পুনঃনবীনকরণের সময় পর্যাপ্ত অর্থরাশি অ্যাকাউন্ট না থাকলে নবীকরণের অথবা অন্যান্য প্রশাসনিক কারণে ইন্সুরেন্স কভার বন্ধ হয়ে যায় তাহলে বার্ষিক প্রিমিয়াম প্রাপ্ত হওয়ার পর ইন্সুরেন্স কভার পুনঃ প্রতিষ্ঠিত করা যাবে নির্দিষ্ট শর্তাবলী মেনে। এই সময়কালে কভার স্থগিত রাখা হবে এবং তা বীমা কোম্পানির ইচ্ছানুসারে পুনঃপ্রতিষ্ঠিত করা যাবে। তালিকাভুক্তি ফর্ম / অটো ডেবিট অনুমোদন / নির্ধারিত দর্শনার্থ সম্মতি তথা ঘোষণা ফর্ম অংশগ্রহণকারী ব্যাংকের কাছে প্রাপ্ত হতে হবে। ক্লেম হলে PSGIC / বীমা কম্পানী তা ব্যাংকের কাছ থেকে চাইতে পারে বা যে কোন সময় তা চেয়ে নেওয়ার অনুমতিপ্রাপ্ত।
- ৪। এই প্রকল্পের অভিজ্ঞতা, পুনরায় ক্রমাঙ্কণের জন্য প্রত্যেক বছর নিরীক্ষণের উদ্দেশ্যে চিহ্নিত হবে।

## প্রিমিয়াম উপযোজন:

- (ক) বীমা কোম্পানী প্রিমিয়াম : ১০ টাকা / সদস্য প্রতি বছরে।  
(খ) BC / মাইক্রো / কর্পোরেট / এজেন্ট খরচ বাবদ : ১ টাকা / সদস্য প্রতি বছরে।  
(ক) অংশগ্রহণকারী ব্যাংকের প্রশাসনিক ব্যয় : ১ টাকা / সদস্য প্রতি বছরে।

প্রকল্প প্রবর্তনের প্রস্তাবিত তারিখ ১লা জুন ২০১৫। পরবর্তী বার্ষিক পুনর্নবীকরণ প্রত্যেক বছর ১লা জুন থেকে ধার্য করা হয়েছে।

প্রকল্পটি নতুন ভবিষ্যৎ পুনর্নবীকরণের পূর্বে প্রয়োজন সাপেক্ষে বন্ধ করে দেওয়া যেতে পারে।